বিএনপি-জামায়াত দেশকে পাকিস্থান বানাতে চায়: কৃষক লীগ সভাপতি

বাংলাদেশ কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি কৃষিবিদ সমীর চন্দ্র বলেছেন, বিএনপি-জামায়াত দেশকে ব্যার্থ রাস্ট্রে পরিনত করে পাকিস্থান বানাতে চায়। কিন্তু তাদের সেই আশা কোন দিন পুরণ হবে না। বর্তমান সরকারের সহায়তায় এদেশের কৃষকরা দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করেছে। কৃষি বান্ধব আওয়ামী লীগ সরকার কৃষক ও কৃষিকে বাঁচিয়ে দেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করে যাচ্ছে। বাংলাদেশ সব দিক থেকে উন্নত ও সমৃদ্ধ হবে, সেই লক্ষেই বঙ্গবন্ধু কন্যা কাজ করে যাচ্ছে। শনিবার সন্ধায় বাগেরহাট সদর উপজেলা কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, এখন সারের জন্য কৃষককে জীবন দিতে হয় না। কৃষিপণ্য নিয়ে কাঁদতে হয় না। সরকারের বিভিন্ন সুযোগ সুবিধা কৃষকদের দোর গোড়ায় পৌঁ◌ঁছে দেয়ার জন্য কৃষক লীগের জন্ম। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধ বিধস্ত এ দেশে কৃষকদের নিয়ে স্বপ্ন দেখেছিলেন। জাতির জনকের সেই স্বপ্ন বাস্তবায়নে কৃষকদের জন্য সরকারি সুবিধাদি নিশ্চিত করছে তারই কন্যা শেখ প্রধানমন্ত্রী হাসিনা।

বাগেরহাট জেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত সম্মেলনে অন্যান্যেদের মধ্যে বক্তব্য দেন, কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি এমপি, বাগেরহাট জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক বীরমুক্তিযোদ্ধা ভূইয়া হেমায়েত উদ্দীন, কৃষক লীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি বীরমুক্তিযোদ্ধা শরীফ আশরাফ আলী, সাংস্কৃতিক সম্পাদক হালিমা রহমান, কেন্দ্রীয় নেতা মোঃ মিরুল ইসলাম, মাহফুজা সুলতানা রুবি, কৃষক লীগের বাগেরহাট জেলা সভাপতি আবুল হাসেম শিপন, সাধারণ সম্পাদক মনি মল্লিক, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি শেখ আক্তারুজ্জামান বাচ্চু, সাধারন সম্পাদক এম এ মতিন, সদর উপজেলা কৃষক লীগের সভাপতি মেখ মাহমুদ আলী

মোহন, সাধারণ সম্পাদক মোঃ ইজাবুল মোড়লসহ অন্যরা।

কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে সকল ইউনিয়ন ও পৌরসভার বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।